

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
 সুরক্ষা সেবা বিভাগ
 স্বরাষ্ট্র মন্ত্রণালয়
 ৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ১.৩ অনুযায়ী সুশাসন
 প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ**

সভাপতি	: মো: আব্দুল ওয়াহাব ভূঞ্জা মহাপরিচালক (গ্রেড-১)
সভার তারিখ ও সময়	: ২০ ডিসেম্বর, ২০২২খ্রি, বেলা ১১.০০ টা।
সভার স্থান	: অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭)
সভায় উপস্থিত সদস্যবৃন্দ	: পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে, সোনার বাংলা গড়ায় প্রত্যয়ে ২০১২ খ্রিঃ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়। তিনি সরকারের সুদূরপ্রসারী এ কার্যক্রমকে সফলভাবে বাস্তবায়ন এবং অধিদপ্তরের সেবা গ্রহীতাগণের সেবা সহজে তাদের দোরগোড়ায় পৌছে দেয়ার প্রত্যয় ব্যক্ত করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

০১। অতঃপর সভায় গত ১১ সেপ্টেম্বর, ২০২২ তারিখে এ বিষয়ে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নোবর্ণিতভাবে উপস্থাপন করা হয় :

ক্রম:	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন অগ্রগতি														
৪.১	প্রিকারসর কেমিক্যালস্ আমদানীর পূর্বানুমতির প্রক্রিয়ায়/ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে সময় সাশয়ের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে;	চেকলিস্ট অনুযায়ী যথাযথ কাগজপত্র থাকলে প্রিকারসর কেমিক্যালস্/সাইকোট্রাপিক সাবস্ট্যান্স আমদানী/রপ্তানির পূর্বানুমতি/ছাড়পত্রের বিষয়ে অধিক গুরুত্বসহকারে স্বল্প সময়ে ছাড়পত্র প্রদান করা হচ্ছে। সময় সাশয়ের বিষয়টি নিশ্চিত করার জন্য গত ২৯ আগস্ট, ২০২২ তারিখ মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা হয়েছে।														
৪.২	অবৈধ মাদকের বিরুক্তে অভিযান পরিচালনা বাড়াতে হবে;	অবৈধ মাদকের বিরুক্তে অভিযান পরিচালনা দ্বারান্বিত করা হয়েছে। অবৈধ মাদকের বিরুক্তে বিশেষ অভিযান পরিচালনা বিষয়ে অপারেশনস্ অধিশাখার ২২/০৯/২০২২ তারিখের ৫৭৪ নং স্মারকমূলে মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা হয়েছে। অধিদপ্তর কর্তৃক পরিচালিত জুলাই-নভেম্বর/২০২২ পর্যন্ত সারাদেশে মাদকবিরোধী অভিযানের পরিসংখ্যান নিম্নোবৃত্তি:														
		<table border="1" style="width: 100%; border-collapse: collapse; text-align: center;"> <thead> <tr> <th>মাসের নাম</th> <th>পরিচালিত অভিযান</th> </tr> </thead> <tbody> <tr> <td>জুলাই/২০২২</td> <td>৮,৩২০ টি</td> </tr> <tr> <td>আগস্ট/২০২২</td> <td>৮,৪৯৪ টি</td> </tr> <tr> <td>সেপ্টেম্বর/২০২২</td> <td>৯,১১১ টি</td> </tr> <tr> <td>অক্টোবর/২০২২</td> <td>৯,০০১ টি</td> </tr> <tr> <td>নভেম্বর/২০২২</td> <td>৯,১৭৮ টি</td> </tr> <tr> <td>মোট=</td> <td>৮৮,১০৪ টি।</td> </tr> </tbody> </table>	মাসের নাম	পরিচালিত অভিযান	জুলাই/২০২২	৮,৩২০ টি	আগস্ট/২০২২	৮,৪৯৪ টি	সেপ্টেম্বর/২০২২	৯,১১১ টি	অক্টোবর/২০২২	৯,০০১ টি	নভেম্বর/২০২২	৯,১৭৮ টি	মোট=	৮৮,১০৪ টি।
মাসের নাম	পরিচালিত অভিযান															
জুলাই/২০২২	৮,৩২০ টি															
আগস্ট/২০২২	৮,৪৯৪ টি															
সেপ্টেম্বর/২০২২	৯,১১১ টি															
অক্টোবর/২০২২	৯,০০১ টি															
নভেম্বর/২০২২	৯,১৭৮ টি															
মোট=	৮৮,১০৪ টি।															
৪.৩	শুদ্ধাচার কর্মকৌশল বিষয়ে অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান করতে হবে;	কর্মক্ষেত্রে শুদ্ধাচার প্রতিষ্ঠা ও এ সংক্রান্ত বিধিবিধান সম্পর্কে গত ২৮ নভেম্বর, ২০২২ তারিখ প্রধান কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা, হিসাবরক্ষক, গবেষণা তথ্য সংগ্রহকারী, স্টেনোগ্রাফার, স্টেনোটাইপিস্ট, স্টোর কিপার, উচ্চমান সহকারী, ক্যাশিয়ার, ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর ও অফিস সহকারীদের এবং ২৯ নভেম্বর, ২০২২ তারিখ সিস্টেম এনালিস্ট, উপপরিচালক ও সহকারী পরিচালকগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।														
৪.৪	অধিদপ্তরের ওয়েবসাইটের প্রতিটি সেবা বক্স নিয়মিত হালনাগাদ রাখতে হবে;	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ৫টি (১. জাতীয় শুদ্ধাচার কৌশল, ২. সিটিজেন চার্টার, ৩. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ৪. অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও ৫. তথ্য অধিকার) সেবাবক্স প্রস্তুতপূর্বক নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। এছাড়া অধিদপ্তরের কার্যক্রমের বিষয় সেবাবক্সসমূহ নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।														

০৩। সভাপতি উপস্থিত অংশীজনকেও তাদের বক্তব্য উপস্থাপন করার জন্য আহবান জানান। উপস্থিত অংশীজন (Stakeholder) নিম্নবর্ণিত মতামত প্রদান করেন :

- স্বয়ার ফার্মাসিউটিক্যালস্ ও একমি ল্যাবরেটরিজ প্রতিনিধি বলেন নতুন কোন ঔষধ উৎপাদনের পূর্বে কাঁচামাল হিসেবে নমুনা আমদানী করে স্ট্যাডি করতে হয়, যার পরিমাণ খুবই সামান্য। প্রচলিত বিধান অনুযায়ী যৎসামান্য নমুনা আমদানীর জন্যও লাইসেন্সে অন্তর্ভুক্ত করে পূর্বানুমতি নিয়ে আমদানী করতে হয়। স্ট্যাডি ডেভেলপ করার জন্য সামান্য পরিমাণ নমুনা আমদানীর ক্ষেত্রে লাইসেন্সে অন্তর্ভুক্ত ব্যতিরেকে পূর্বানুমতি প্রদান করলে সময় সাশ্রয় হয়। বিষয়টি বিবেচনার জন্য তারা অনুরোধ জানান। পরিচালক (নিরোধ শিক্ষা) বলেন, পরিমাণ সামান্য হলেও এটি মাদক জাতীয় কাঁচামাল। তবে একটি প্রোডাক্ট ডেভেলপ করার জন্য অন্তত: একবার লাইসেন্সে অন্তর্ভুক্ত ব্যতিরেকে নমুনা হিসেবে মাদক জাতীয় কাঁচামাল আমদানীর পূর্বানুমতি দেয়া যেতে পারে। উপপরিচালক (প্রশাসন) বলেন, প্রোডাক্ট ডেভেলপ করার জন্য নমুনা আমদানীর পূর্বানুমতির কথা আইনে উল্লেখ নেই। তবে প্রস্তাবিত ‘মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (এ্যালকোহল ব্যাতীত) বিধিমালা, ২০২২’ বিধিমালায় এ বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে।
- রেডিয়েন্ট ফার্মাসিউটিক্যালস্ এর প্রতিনিধি মাদক জাতীয় কাঁচামালের গুণগতমান যাচাইয়ের জন্য রেফারেন্স স্ট্যান্ডার্ড হিসেবে নমুনা আমদানীর ক্ষেত্রে লাইসেন্সে অন্তর্ভুক্ত ব্যতিরেকে পূর্বানুমতি প্রদান করলে সময় সাশ্রয় হয় মর্মে মতামত দেন। অতিরিক্ত মহাপরিচালক মহোদয় বলেন, প্রস্তাবিত ‘মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (এ্যালকোহল ব্যাতীত) বিধিমালা, ২০২২’ এর সাথে যেন এটি সাংঘর্ষিক না হয়-বিষয়টি খেয়াল রাখতে হবে। তিনি আরো বলেন, পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) এর সভাপতিতে এ বিষয়ে পৃথক একটি সভা করে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

০৪। অত:পর সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম:	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৪.১	নতুন কোন ঔষধ উৎপাদনের পূর্বে স্টাডি করার উদ্দেশ্যে এবং রেফারেন্স স্ট্যান্ডার্ড হিসেবে নমুনা হিসেবে কাঁচামাল আমদানীর পূর্বানুমতি/ছাড়পত্র প্রদানের বিষয়ে পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) এর সভাপতিতে একটি সভা করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ মাঠ পর্যায়ের সকল অফিস প্রধান
৪.২	অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত লাইসেন্সে অন্তর্ভুক্ত আছে এমন কোন মাদকদ্রব্য জাতীয় কাঁচামাল দ্বারা কোন ঔষধের গুণগতমান উন্নয়ন/রেফারেন্স স্ট্যান্ডার্ড হিসেবে আমদানীর পূর্বানুমতি/ছাড়পত্র প্রদানের প্রক্রিয়ায় সময় সাশ্রয়ের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। তবে উক্ত নমুনার পরিমাণ অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত লাইসেন্সের বাংসরিক কোটায় অন্তর্ভুক্ত থাকতে হবে।	পরিচালক (প্রশাসন)
৪.৩	আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুকাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর নির্ধারিত সময়ের মধ্যে ফিডব্যাক প্রদান করতে হবে।	পরিচালক (প্রশাসন)
৪.৪	অধিদপ্তরের ওয়েবসাইটের প্রতিটি সেবা বক্তু নিয়মিত হালনাগাদ রাখতে হবে;	পরিচালক (প্রশাসন)/ সহকারী প্রোগ্রামার

৫। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নোঃ আবদুল ওয়াহাব ভূঞ্জ)
মহাপরিচালক (ফো-১)

১২ পৌষ, ১৪২৯
তারিখ: -----
২৭ ডিসেম্বর, ২০২২

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৭.২১. ৮৭১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দ্রঃ আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
- ২। পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। চীফ কনসালটেট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেড়ারিয়া, ঢাকা।

- ৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/
রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
- ৬। সিটেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। উপপরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/
জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ৮। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। সহকারী পরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো
কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ১০। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। অফিস কপি।

শামীর আহমেদ
উপপরিচালক (প্রশাসন) ১০১২